

১০০০০০
২৫/১১/২০২০



ঢাকা বিশ্ববিদ্যালয় অতি জরুরী বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০, ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের বোর্ডবৃত্তি প্রাপ্ত যে সকল শিক্ষার্থীরা বৃত্তির টাকা পায়নি তাদের তথ্য সংশোধন এবং যে সকল শিক্ষার্থীরা পূর্বে বৃত্তির আবেদন করতে পারেনি (মাদ্রাসা বোর্ডসহ) তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েব সাইটে (<https://studentscholarship.du.ac.bd/>) গিয়ে অনলাইনে তথ্য সংশোধন ও নতুন করে বৃত্তির আবেদন করতে পারবে। অনলাইনে তথ্য সংশোধন ও নতুন করে বৃত্তির আবেদন আগামী ১৮/১১/২০২০ তারিখ রাত ১২:০০টা পর্যন্ত বর্ধিত করা হয়েছে। অনলাইনে ভুল সংশোধন ও আবেদনের বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে উল্লেখ রয়েছে। যে সকল শিক্ষার্থীরা বোর্ড বৃত্তির টাকা পেয়েছেন তারাও প্রয়োজন বোধে তাদের তথ্য সংশোধন করতে পারবে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের বোর্ড বৃত্তি প্রাপ্ত যে সকল শিক্ষার্থীরা অনলাইনে বোর্ড বৃত্তির আবেদন করেছেন তাদের সকলকেই উচ্চ বৃত্তির ওয়েবসাইটে গিয়ে তথ্য সংশোধন ও আপডেট করতে হবে। যে সকল শিক্ষার্থীদের নিজ নামে অনলাইন সুবিধা সম্পর্ক ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট নেই, তাদেরকে অবশ্যই ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট নম্বর দিতে হবে।

বোর্ড বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীরা উক্ত তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে গিয়ে বাধ্যতামূলক অনলাইনে আবেদন ও সংশোধন করতে হবে। অন্যথায় তাদের বৃত্তির তথ্যাদি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে ও মাদ্রাসা অধিদপ্তরে প্রেরণ করা সম্ভব হবে না।

উল্লেখ্য, শুধুমাত্র ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বোর্ড বৃত্তি প্রাপ্ত (নতুন আবেদকারী) শিক্ষার্থীদের (১) স্ব স্ব কলেজের প্রত্যয়ন পত্রের কপি (২) সংশ্লিষ্ট বোর্ডের গেজেটের কপি, অনলাইনে আপলোড করতে হবে (যারা শিক্ষা-৫ শাখায় উক্ত নথি জমা দিয়েছেন তাদের আপলোড করার প্রয়োজন নেই)।

বর্তমানে করোনা পরিস্থিতি বিবেচনা করে রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখায় কোন প্রকার নথি জমা নেয়া হবে না। সকল শিক্ষার্থীদের অনলাইনে বোর্ড বৃত্তির কাজ সম্পূর্ণ করতে হবে। শিক্ষার্থীদের অফিসে আসার প্রয়োজন নেই।

বোর্ড বৃত্তি প্রাপ্ত যে সকল শিক্ষার্থীদের ১(এক) বছর পাঠ বিরতি (Re-admission) রয়েছে এবং বৃত্তি নিয়মিতকরণ করেনি তাদেরকে বোর্ড বৃত্তির আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।

বৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধা সম্পর্ক ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট থাকতে হবে। ব্যাংক একাউন্ট না থাকলে, অনতিবিলম্বে তফসিলভুক্ত অনলাইন সুবিধা সম্পর্ক যে কোন ব্যাংকে একাউন্ট খুলতে হবে। ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব নয়। মোবাইল ব্যাংকিং, বিকাশ ও রকেট গ্রহণযোগ্য নয়।

জরুরি প্রয়োজনে যোগাযোগের জন্য- ০১৫৭১২৯৭৩৪২, ০১৭১১০৫৮৩৩৭

(শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে সকাল-১০.০০টা থেকে দুপুর- ৩.০০টা পর্যন্ত)

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/২৪৮৫৫-তি-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, সকল ইনসিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৬। পরিচালক আইসিটি (জন্ম ও যোগাযোগ প্রযোক্তি) সেল নাম্বা বিশ্ববিদ্যালয়।

শিক্ষা-৫
২৫/১১/২০২০
(শিউলি আফছার)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ২৫/১১/২০২০ খ্রি
১৬/১১/২০২০ বঙ্গাব্দ

শিক্ষা-৫
২৫/১১/২০২০